

COVID-19

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তাঃ কর্মীদের জন্য তথ্য

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা আইনের মডেলের অধীনে, আপনার চাকুরীদাতা বা নিয়োগকর্তার দায়িত্ব আছে তাঁদের সকল কর্মী ও কাজের জায়গার অন্যান্যদের স্বাস্থ্য ও নিরাপত্তার তত্ত্বাবধান করা।

কর্মীদের কী করা প্রয়োজন?

আপনার দায়িত্ব হলো যে আপনার নিজের স্বাস্থ্য ও নিরাপত্তার যথাযথ তত্ত্বাবধান করা এবং বিরূপভাবে অন্যদের স্বাস্থ্য ও নিরাপত্তায় প্রভাব না ফেলা।

COVID-19-এর প্রতিক্রিয়ায় সাড়া দিতে আপনার নিয়োগকর্তা যেসব সমীচীন নীতি বা দিকনির্দেশনা দিয়েছেন সেগুলো আপনাকে মেনে চলতে হবে।

নিয়োগকর্তাদের কী করণীয়?

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তায় COVID-19 ভাইরাস প্রকাশের ঝুঁকিগুলো আপনার নিয়োগকর্তাদের সনাক্ত করতে হবে, এবং যেখানে সম্ভব যথাযথ নিয়ন্ত্রণের ব্যবস্থা নিতে হবে। তাঁদেরকে সরকারের দিকনির্দেশনা মেনে চলতে হবে, যার মধ্যে যথাযথ [শারীরিক দূরত্ব বজায় রাখা \(physical distancing\)](#) অন্তর্ভুক্ত- কর্মক্ষেত্রে প্রত্যেককে কমপক্ষে ১.৫ মিটার দূরে রাখতে হবে।

COVID-19 ভাইরাসের থেকে শারীরিক বা মানসিক ঝুঁকি হতে পাতে।

COVID-19 ভাইরাস প্রকাশের ঝুঁকিগুলো নিয়ন্ত্রণ করতে আপনার নিয়োগকর্তা কী করতে পারেন তা নির্ভর করবে আপনার কর্মক্ষেত্র ও আপনি কীধরনের কাজ করেন তার উপর। আপনার নিয়োগকর্তার উচিত তাঁরা যা পরিকল্পনা করছেন তা নিয়ে আপনার সাথে কথা বলা।

তাঁরা যা করতে পারেনঃ

- মানুষদের মাঝে ঘনিষ্ঠ সংযোগ এড়াতে বিধান চালু করতে পারেন- কর্মক্ষেত্রে সবাইকে অন্ততপক্ষে ১.৫ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- যথাযথ পরিচ্ছন্নতাসুবিধার ব্যবস্থা প্রদান করে কর্মক্ষেত্রে সবাইকে [ভালো পরিচ্ছন্নতা/ স্বাস্থ্যবিধি \(good hygiene\)](#) মেনে চলার জন্য উৎসাহী করতে পারেন যেন কর্মীরা তাঁদের হাত কমপক্ষে ২০ সেকেন্ড সাবান ও পানি দিয়ে ধুতে পারেন, অথবা অ্যালকোহলভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে পারেন
- ব্যক্তিগত সুরক্ষার উপকরণের ব্যবস্থা করতে পারেন
- কর্মক্ষেত্র পরিষ্কার করার পরিমাণ বাড়াতে পারেন
- বাইরের মানুষদের কর্মক্ষেত্রে প্রবেশ সীমিত করে দিতে পারেন
- আপনাকে অন্য জায়গা থেকে কাজ করার নির্দেশ দিতে পারেন, যেমন আপনার বাড়ী- মনে রাখতে হবে যে এটি কাজসম্পর্কিত স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকিকে পরিবর্তন করতে পারে, বাড়াতে পারে বা সৃষ্টি করতে পারে।

আমি যদি মনে করি আমার COVID-19 আছে তবে আমার কী করা উচিত?

আপনার উচিতঃ

- [চিকিৎসা পরামর্শ অনুসন্ধান করা \(seek medical advice\)](#)
- কাজে না যাওয়া
- আপনার নিয়োগকর্তাদের যত তাড়াতাড়ি সম্ভব জানানো এবং আপনার অবস্থার পরিবর্তন হলে তার আপডেট জানানো, যেমন আপনার ভাইরাসটি আছে তা যদি নিশ্চিত হয়

যদি অনিরাপদ হয় তবে কি আমি কাজ বন্ধ করতে পারি?

আপনার নিরাপত্তার বিষয়ে যদি উদ্বেগ থাকে, তবে আপনার নিয়োগকর্তার হেলথ অ্যান্ড স্ফটি রিপ্রেজেন্টেটিভ (HSR)-এর সাথে কথা বলুন।

কিছু কিছু পরিস্থিতিতে অনিরাপদ কাজ করা বন্ধ করা বা প্রত্যাখ্যান করার অধিকার কর্মীদের আছে। আপনার এই অধিকার তখনই হবে যদি আপনার যুক্তিসঙ্গত উদ্বেগের কারণ ঘটে যে আপনি মারাত্মক স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকিতে প্রত্যক্ষ বা আসন্ন বিপদের সম্মুখীন হতে পারেন-এর মধ্যে COVID-19 ভাইরাসের সম্মুখীন হওয়াও অন্তর্ভুক্ত।

আপনি যদি অনিরাপদ হবার কারণে কাজ বন্ধ করে দেন তবে, আপনার নিয়োগকারীদের যত তাড়াতাড়ি সম্ভব জানাতে হবে। এরপর আপনাকে আপনার কাজ চালিয়ে যাবার জন্য বিকল্প ব্যবস্থা নিতে হবে, যেমন বাড়ী থেকে কাজ করা।

আরো তথ্য

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য তথ্য পেতে [Safe Work Australia website](#) ওয়েবসাইটটিতে যান

আপনার ছুটি ও বেতন বিষয়ে তথ্যের জন্য [Fair Work Ombudsman](#) ওয়েবসাইটটিতে যান

স্বাস্থ্য বিষয়ক তথ্যের জন্য [health.gov.au](#) ওয়েবসাইটটিতে যান

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে WHS (কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা) আইনের মডেলটি ভিক্টোরিয়া ও ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া ছাড়া আর সকল স্থানের বিচারব্যবস্থায় বাস্তবায়ন করা হয়েছে। আপনার নির্দিষ্ট কর্মক্ষেত্রের ঠিকানার উপর ভিত্তি করে তথ্য পেতে অনুগ্রহ করে সংশ্লিষ্ট [স্টেট বা টেরিটোরির WHS নিয়ন্ত্রক-এর \(WHS regulator in your state or territory\)](#) সাথে যোগাযোগ করুন।